



তারিখ: ০২/০১/২০১৮ ইং

দরপত্র আহ্বান

স্থায়ীত্বশীল উন্নয়নের জন্য সংগঠন ইপসা কর্তৃক কক্সবাজার জেলার উখিয়া ও টেকনাফ উপজেলায় মিয়ানমার হতে বাস্তুচ্যুত রোহিঙ্গা জনগোষ্ঠী জন্য Save the Children International কর্তৃক সহায়তা প্রাপ্ত BGD_IKEA Foundation Seed Rohingya Response প্রকল্পের আওতায় ১০০ টি Child Play Center এ বিতরণের জন্য High Energy Biscuits (HEBs) সরবরাহের নিমিত্তে সিডিউল অনুযায়ী প্রতি প্যাক ৮০ গ্রাম ওজনের সর্বমোট ৭৩,৫০০ প্যাকেট বিস্কুট সরবরাহ করার জন্য অভিজ্ঞতা সম্পন্ন প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানের কাছ থেকে দরপত্র আহ্বান করা যাচ্ছে। www.ypsa.org এবং facebook.com/YPSAbd হতে টেন্ডার সিডিউল পাওয়া যাবে। সংস্থার লেটার হেড প্যাডে আবেদন পত্র সহ পূরণকৃত সিডিউল আগামী ০৯/০১/২০১৮ ইং তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে ইপসা প্রধান কার্যালয়, বাড়ী# এফ ১০ (পি), রোড-১৩, ব্লক-বি, চান্দগাঁও আবাসিক এলাকা, চট্টগ্রাম-৪২১২ এ নীচ তলায় রক্ষিত টেন্ডার বক্সে ফেলার জন্য অনুরোধ করা হলো। ১০/০১/২০১৮ ইং তারিখ সকাল ১০:০০ ঘটিকার সময় টেন্ডার বক্স (টেন্ডার জমাদানকারীদের যারা উপস্থিত থাকবে) খোলা হবে। ইপসা কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতীত যে কোন টেন্ডার গ্রহণ বা বাতিল করার এবং পুন: দরপত্র আহ্বানের ক্ষমতা সংরক্ষণ করে।

ক্রয় কমিটি, ইপসা।

প্রকাশিত- দৈনিক প্রথম আলোঃ ০৩ জানুয়ারী ২০১৮

High Energy Biscuits (HEBs) – High level specification

What are they?

Wheat-based biscuits which provide 450 kcal with a minimum of 10 grams and max of 15 grams of protein per 100 grams, fortified in vitamin and minerals.

When and where are they used?

In the first days of emergency when cooking facilities are scarce. Easy to distribute and provide a quick solution to improve the level of nutrition.

Ingredients:

Wheat flour, Hydrogenate Vegetable Shortening, Sugar, Soy flour, Invert Syrup, High fructose, Corn Syrup, Skimmed milk powder, Sodium and Ammonium, Bicarbonates, Salt, Minerals and vitamins as : Calcium, Magnesium, Iron, Iodine, Folic Acid, Pantothenic Acid, Vitamin B1, B2,B6,B12b C,D,E, Niacin, Vitamin A-retinol.

Nutritional value per 100g:

Energy 450 Kcal

Protein 10 to 15g

Fat 15 g

Specification:

Pack Size: 80 gm;

At least 75% shelf life at delivery time

Example suppliers in Bangladesh: Hague, Olympic



নিম্নোক্ত ফরমেট অনুযায়ী দর প্রদান করতে হবেঃ

SL no.	Description of Items	Unit	Quantity	Rate per Pack	Total TK.
	High Energy Biscuits (HEBs)	Pack size 80 gm	73,500 Pack		
মোট টাকা কথায়:					

শর্তাবলী:

১. দরপত্র দাতা প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড-লাইসেন্স, প্রোপাইটারের জাতীয়তা সনদ, হালনাগাদ টিআইএন ও ভ্যাট সার্টিফিকেট অথবা রিটার্ন দাখিলের স্লিপ, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, অভিজ্ঞতার সার্টিফিকেট থাকতে হবে এবং সকল ফটোকপি দরপত্রের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে।
২. প্রদত্ত দর ভ্যাট, ট্যাক্স ও পরিবহন খরচ সহ বিবেচিত হবে। চূড়ান্ত বিল হতে সরকারী বিধি মোতাবেক ভ্যাট/ট্যাক্স কর্তন করে বিল প্রদান করা হবে।
৩. প্রতিষ্ঠানের নামে ব্যাংক হিসাব থাকতে হবে এবং একাউন্ট পে চেক এর মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
৪. নির্বাচিত প্রতিষ্ঠানকে সিকিউরিটি বাবদ কার্যাদেশ প্রাপ্ত মোট অর্থের উপর ১০% সমপরিমাণের লিখিত একটি চেক ইপসা'য় জমা দিতে হবে। সন্তোষ জনক কাজ সমাপ্তির পর জমাকৃত অর্থের চেক ফেরত দেওয়া হবে।
৫. একটি প্রতিষ্ঠান একটি মাত্র দরপত্র দাখিল করতে পারবে।
৬. বিস্কুটের গুণগত মান ব্যাহত হলে অথবা যে কোন ধরনের ত্রুটি পরিলক্ষিত হলে সরবরাহকারী নিজ খরচে পুনঃসরবরাহ করতে বাধ্য থাকবে। এ ব্যাপারে সরবরাহকারীর কোন রকম ওজর আপত্তি গ্রহণ যোগ্য হবে না।
৭. চূড়ান্ত ভাবে নির্বাচিত প্রতিষ্ঠান কার্যাদেশ প্রাপ্তির পর ইপসা কর্তৃক প্রদানকৃত বিতরণ সিডিউল অনুযায়ী ১০০ টি Child Play Center এ অবশ্যই সময়মত সরবরাহ সম্পন্ন করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলে নির্বাচিত প্রতিষ্ঠানের বিরুদ্ধে দেশে প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা সহ জমাকৃত সিকিউরিটি বাবদ ১০% সমপরিমাণের লিখিত চেক বাজেয়াপ্ত হতে পারে।
৮. মালামাল সরবরাহের সময় নির্বাচিত প্রতিষ্ঠানের লেবার বা কর্মচারীর কোন প্রকার ক্ষতি হলে সমস্ত দায়ভার ও ক্ষতিপূরণ সরবরাহকৃত প্রতিষ্ঠান কর্তৃক বহন করবে।
৯. জমাকৃত ত্রুটিপূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
১০. কার্যাদেশ পাওয়ার জন্য দরদাতার অনুকূলে কোন প্রকার সুপারিশ আসলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।
১১. দরপত্র বাতিল/গ্রহণ/পুনরায় আহ্বানে ও দরদাতা নির্বাচনে ইপসা ক্রয় কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। কর্তৃপক্ষ সর্বনিম্ন দর গ্রহণে বাধ্য নহে।
১২. চুক্তির যে কোন শর্তাবলী খেলাপ হলে সরবরাহকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে ইপসা প্রচলিত আইন মোতাবেক যে কোন ব্যবস্থা গ্রহণ করতে পারবে এবং এ ব্যাপারে সরবরাহকারী প্রতিষ্ঠানের কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

ক্রয় কমিটি, ইপসা।